



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-১৪.৩২.০০০০.০০৬.৩৬.০৫৫.১৯.৪৫৬

তারিখ ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ বান্ধ এসএমএস প্রেরণের ক্ষেত্রে এসএমএস কন্টেন্ট কমিশন হতে পূর্বানুমতি গ্রহণ প্রসঙ্গে।


উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় মোবাইলফোন/আইপিটিএসপি অপারেটরসমূহ কর্তৃক বান্ধ এসএমএস প্রেরণের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে আগামী ১৫ই জানুয়ারী ২০২০ থেকে পরবর্তী ০২ (দুই) মাসের জন্য (১৫ই মার্চ ২০২০) সকল ধরনের এসএমএস কন্টেন্ট কমিশন হতে ভেটিং পূর্বক ব্রডকাস্টের সিদ্ধান্ত গৃহীত হয়।

এ প্রেক্ষিতে পত্র প্রাপ্তির তারিখ হতে সকল মোবাইলফোন, পিএসটিএন, আইপিটিএসপি অপারেটরসমূহ ও এসএমএস এগ্রিগেটরদেরকে জানানো যাচ্ছে যে, বান্ধ এসএমএস ব্রডকাস্টের পূর্বে এসএমএস কন্টেন্ট কমিশন হতে পূর্বানুমতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মোবাইল কোম্পানীর সাথে সরাসরি যোগাযোগকৃত কর্পোরেট ও ইউটিলিটি সার্ভিস সংক্রান্ত এসএমএস এর দ্বায়িত্ব মোবাইল কোম্পানী কর্তৃক বহন করা হবে বিবেচনায় এই সকল এসএমএস এর জন্য পূর্বানুমতির প্রয়োজন নেই। কিন্তু Aggregator রা অন্য সকল এসএমএস এর ক্ষেত্রে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করবে। এক্ষেত্রে, Aggregator রা সংযুক্ত ফরম্যাট অনুযায়ী এসএমএস প্রেরণের ন্যূনতম ১০ (দশ) দিন পূর্বে কমিশনে প্রেরণ করবে, যা কমিশন ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনুমোদন করবে। মোবাইল অপারেটরগণ উক্ত ফরম্যাট এর অনুমোদন ছাড়া কোন এসএমএস ব্রডকাস্ট করতে পারবে না। অনুমোদনহীন এসএমএস ব্রডকাস্টের জন্য সংশ্লিষ্ট মোবাইল অপারেটরকে দায়িত্ব বহন করতে হবে।

বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যকমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ১ (এক) পাতা।


৩১/১২/২০১৯

(প্রকৌঃ মো আসিফ ওয়াহিদ)

সিনিয়র সহকারী পরিচালক

সিস্টেমস্ এন্ড সার্ভিসেস্ বিভাগ, বিটিআরসি।

ই-মেইলঃ asif@btrc.gov.bd

প্রতিঃ

- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ।
- ২) প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিঃ।
- ৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিঃ।
- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলালিংক লিঃ।
- ৫) সকল পিএসটিএন অপারেটরসমূহ।
- ৬) সকল আইপিটিএসপি অপারেটরসমূহ।
- ৭) সকল এসএমএস এগ্রিগেটর।

অনুলিপিঃ

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সেক্রেটারি জেনারেল, এমটব।



বাক্স এসএমএস প্রদানের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন কর্তৃক নির্ধারিত ফরম
বিটিআরসি ফরম নং ২০২০০০০১

ক্রমিক নং		
১	এগ্রিগেটর এর নাম	
২	এসএমএস সার্কুলেশনের নির্ধারিত তারিখ	
৩	বিটিআরসি'তে আবেদন জমাদানের তারিখ	

এসএমএস কন্টেন্ট

এগ্রিগেটর এর তথ্যাবলী

এসএমএস কন্টেন্ট যাচাই কারীর নাম	
এনআইডি নাম্বার	
পদবী	
মোবাইল নাম্বার	

এসএমএস প্রদানকারী প্রতিষ্ঠান প্রধানের এর স্বাক্ষর	অনুমোদিত/অননুমোদিত বিটিআরসি'র প্রতিনিধির স্বাক্ষর
সিল মোহর	সিল মোহর
পূর্ণ নাম:	পূর্ণ নাম:
পদবী:	পদবী:
মোবাইল নাম্বার:	মোবাইল নাম্বার:

